তারিখ 25 JUL 1996
পৃষ্ঠা ৮ কলাম ৭

১০

আজকের কাগজ

# আজ ঢা.বি'র সিন্ডিকেটে শিক্ষক প্রতিনিধি একাডেমিক কাউন্সিল ও ফিন্যান্স কমিটির নির্বাচন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ঃ আজ ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটে শিক্ষক প্রতিনিধিসহ একাডেমিক ও ফিন্যান্স কমিটির নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। বিশ্ববিদ্যালয় ছাত্র শিক্ষক কেন্দ্রে সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে। বিশ্ববিদ্যালয়ের প্রায় সহস্রাধিক শিক্ষক আজকের নির্বাচনে ১৩টি পদের জন্যে তাদের ভোট প্রদান করবেন। এর মধ্যে ছ'টি সিন্ডিকেটে শিক্ষক প্রতিনিধি, ছ'টি একাডেমিক পরিষদে শিক্ষক প্রতিনিধি এবং অপরটি ফাইন্যান্স কমিটির সদস্য। দু'বছর মেয়াদী এ কমিটি নির্বাচনে আওয়ামী সমর্থিত নীল প্যানেল, বিএনপি সমর্থিত শাদা প্যানেলের বিরুদ্ধে লড়ছে। দল নিরপেক্ষ হিসেবে পরিচিত গোলাপী প্যানেল এবার তাদের কোনো প্রার্থী দেয়নি। তারা মুক্তিযুদ্ধের স্বপক্ষ শক্তি আওয়ামী লীগকে সমর্থন করছে। অপরদিকে, শাদা প্যানেলের জামাত সমর্থিত শিক্ষকদের একাংশ আমিনুল ইসলাম মজুমদারের নেতৃত্বে নীল দলকে সমর্থন করবে বলে জানা গেছে।

*গতকাল ঢা.বি. শিক্ষক প্রতিনিধি নির্বাচন শিরোনামে প্রকাশিত সংবাদে এবারের নির্বাচনে নীল দলের চেয়ে শাদা দলের অবস্থা ভালো বলে মনে হচ্ছে স্থানে এবারের নির্বাচনে শাদা দলের চেয়ে নীল দলের হবে। অনিচ্ছাকৃত ভুলের জন্যে আমরা দুঃখিত।*

*গতকাল ঢা.বি. শিক্ষক প্রতিনিধি নির্বাচন শিরোনামে প্রকাশিত সংবাদে এবারের নির্বাচনে নীল দলের চেয়ে শাদা দলের অবস্থা ভালো বলে মনে হচ্ছে স্থানে এবারের নির্বাচনে শাদা দলের চেয়ে নীল দলের হবে। অনিচ্ছাকৃত ভুলের জন্যে আমরা দুঃখিত।*